



গাজীপুর-১ আসনে বিএনপির মনোনয়ন নিয়ে দুই গ্রুপের সংঘর্ষে আহত ১০



সংগৃহীত ছবি

গাজীপুর-১ আসনে বিএনপির মনোনয়নকে কেন্দ্র করে দলীয় দুই পক্ষের মধ্যে উত্তেজনা চরমে উঠেছে। মনোনয়ন প্রক্রিয়ায় অসন্তোষকে ঘিরে এই সংঘর্ষ হয়েছে। রোববার (৭ ডিসেম্বর) বিকেলে কালিয়াকৈর ও গাজীপুর সিটির কিছু অংশে দু'গ্রুপের সংঘর্ষে কমপক্ষে ১০ জন আহত হয়েছেন। ঘটনাস্থলে কয়েকটি নির্বাচনী অফিস ভাঙচুর এবং একাধিক মোটরসাইকেলে আগুন দেয়ার ঘটনাও ঘটে।

বিকালে জেলা বিএনপির সদস্য সচিব ও মনোনয়নপ্রত্যাশী ইশরাক সিদ্দিকীর সমর্থকেরা বিক্ষোভ মিছিলের প্রস্তুতি নিচ্ছিলেন। এ সময় অপর পক্ষের নেতাকর্মীরা তাদের ওপর হামলা চালালে পরিস্থিতি দ্রুত উত্তপ্ত হয়ে ওঠে। দুই গ্রুপের ধাওয়া-পাল্টাধাওয়া ছড়িয়ে পড়ে আশপাশের এলাকায়।

সংঘর্ষে আহতদের স্থানীয়ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে। অন্তত ১০টি মোটরসাইকেল পুড়িয়ে দেওয়া এবং কয়েকটি প্রচার কার্যালয় ভাঙচুরের ঘটনাও নিশ্চিত করেছে স্থানীয় সূত্র। ইশরাক সিদ্দিকী অভিযোগ করে বলেন, তার সমর্থকদের ওপর হামলা চালিয়েছে দলীয় মনোনীত প্রার্থী মজিবুর রহমানের অনুসারীরা। তবে এ বিষয়ে মজিবুর রহমানের বক্তব্য জানতে ফোন করা হলেও তিনি সাড়া দেননি।

ঘটনার পর এলাকায় উত্তেজনা বিরাজ করছে, সাধারণ মানুষ পরিস্থিতি নিয়ে শঙ্কায় রয়েছে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে নজরদারি বাড়িয়েছে বলে জানিয়েছে স্থানীয়রা।